

**রাষ্ট্রীয় জরুরি প্রয়োজনে সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি**

"সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬" এর আলোকে গাইবান্ধা জেলার ৭টি উপজেলার প্রতিটি ইউনিয়ন/পৌরসভায় ০১ (এক) জন সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে। কৃষি মন্ত্রণালয়ের সার ব্যবস্থাপনা ও মনিটরিং অনুবিভাগের ২৭ আগস্ট ২০২৬ তারিখের স্মারক নং- ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯১ মূলে জারিকৃত পরিপত্র অনুযায়ী এ বিজ্ঞপ্তি আহ্বান করা হলো।

ক্রম	উপজেলা নাম	ইউনিয়ন/পৌরসভা সংখ্যা	ইউনিয়ন/পৌরসভার নাম	মন্তব্য
১	২	৩	৪	৫
১	সদর	১৪	লক্ষ্মীপুর, মালীবাড়ী, কুপতলা, সাহাপাড়া, বঙ্গমন্ডা, রামচন্দ্রপুর, বাদিয়াখালী, বোয়ালী, ঘাগোয়া, গিদারী, খোলাহাটি, মোল্লারচর, কামারজানি, গাইবান্ধা পৌরসভা	প্রতিটি ইউনিয়ন/ পৌরসভা ০১ (এক) জন করে
২	সাদুল্লাপুর	১১	বনগ্রাম, ফরিদপুর, দামোদরপুর, ধাপেরহাট, ইদিলপুর, জামালপুর, খোদকোমরপুর, নলডাঙ্গা, রসুলপুর, ভাতগ্রাম, কামারপাড়া	
৩	পলাশবাড়ী	৯	কিশোরগাড়া, হোসেনপুর, মনোহরপুর, বরিশাল, মহদীপুর, বেতকাপা, পবনাপুর, হরিনাথপুর, পলাশবাড়ী পৌরসভা	
৪	গোবিন্দগঞ্জ	১৮	দরবন্ত, মহিমাগঞ্জ, কামদিয়া, নাকাই, কাটাবাড়ী, কোচাশহর, শাখাহার, রাখালবুরজ, তালুকানুপুর, হরিরামপুর, গুমানীগঞ্জ, রাজাহার, ফুলবাড়ী, সাপমারা, শিবপুর, শালমারা, কামারদহ, গোবিন্দগঞ্জ পৌরসভা	
৫	সুন্দরগঞ্জ	১৬	বামনডাঙ্গা, সোনারায়, তারাপুর, বেলকা, দহবন্দ, সর্বানন্দ, রামজীবন, ধোপাডাঙ্গা, ছাপরহাটি, শান্তিরাম, হরিপুর, কষ্টিবাড়ী, শ্রীপুর, চন্ডিপুর, কাপাসিয়া, সুন্দরগঞ্জ পৌরসভা	
৬	সাঘাটা	১০	সাঘাটা, বোনারপাড়া, পদুমশহর, ভরতখালী, মুক্তিনগর, কচুয়া, ঘুড়িদহ, হলদিয়া, জুমারবাড়ী, কামালেরপাড়া,	
৭	ফুলছড়ি	৭	ফুলছড়ি, কষ্টিপাড়া, উড়িয়া, উদাখালী, গজারিয়া, এরেন্ডাবাড়ী, ফজলপুর	
মোট		৮৫		

শর্তাবলি:

(ক) "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬" -এর পরিশিষ্ট-১-এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে (আবেদন ফরম-www.moa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে)।

(খ) আবেদনকারীদের 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬' এ বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে হবে।

(গ) যোগ্যতা:

১। আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন/ উপজেলার / পৌরসভার বাসিন্দা হতে হবে এবং এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র বা প্রশাসক অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২। আবেদনকারীর নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/ পৌরসভার সংশ্লিষ্ট কার্য এলাকায় ন্যূনতম ২৫ মে. টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং সারের গুদামে বীজ সংরক্ষণ করা যাবে না;

৩। বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪। আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

৫। ইউনিয়ন পরিষদ / পৌরসভা কর্তৃক প্রদত্ত হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬। আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭। আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ এবং চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮। আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

(ঘ) অযোগ্যতা:

১। ইতোপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি, ইতোপূর্বে ব্যবসায় অনিয়মের কারণে অথবা কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপের জন্য আবেদন করতে পারবেন না। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২। কোনো বিধিবদ্ধ সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না; এবং

৩। সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত খুচরা বিক্রেতার আইডি কার্ড থাকলে পরিবারের অপরকেও ডিলারশিপের/খুচরা বিক্রেতার আইডি কার্ডের জন্য আবেদন করতে বা ডিলার বা খুচরা বিক্রেতা হতে পারবেন না। এ ক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন, যারা একতানায় খাদ্য গ্রহণ করেন, তাদের বোঝানো হয়েছে।

(ঙ) সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজপত্র:

১। আবেদনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন প্রস্তুত করে তীর প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র (Cover Letter) সহ জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, গাইবান্ধা বরাবর আবেদন দাখিল করতে হবে;

২। আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজপত্র জমা দিতে হবে:

- (i) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ;
- (ii) সাম্প্রতিক তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি;
- (iii) হালনাগাদ ট্রেড লাইসেন্স;
- (iv) দোকান ও গুদামের পরিমাপের বর্ণনাসহ মালিকানা দলিলের/ভাড়ার চুক্তিনামার কপি;
- (V) আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ;
- (vi) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত এবং স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যয়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা; এবং
- (vii) হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ।


৩। আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২,০০০.০০ (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, গাইবান্ধা বরাবর জমা দিতে হবে;

৪। একই সঙ্গে জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, গাইবান্ধা বরাবর আর্নেস্টম্যানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনো প্রকার তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনিবার্চিত আবেদনকারীদের আর্নেস্টম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টম্যানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

(চ)। আবেদনপত্র সংগ্রহ ও দাখিলের শেষ তারিখ ও স্থান:

- (i) ১০ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪.০০টা পর্যন্ত;
- (ii) স্থান: উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাইবান্ধা-এ জমা দিতে হবে।

বি: দ্র: কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



(ড. মো: মনিরুজ্জামান)

জেলা প্রশাসক

ও

সভাপতি

জেলা সার ও বীজ মনিটরিং কমিটি

গাইবান্ধা